কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।
শুদ্ধাচার ও শিষ্টাচার কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার।

সূত্র নং-৫৩.১৭.০০০০.১৭০.২৩.০০৬.১৯-৯৩৬

তারিখঃ ১৩.০১.২০২০

সকল শাখা ব্যবস্থাপক
সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল বিভাগীয় উপমহাব্যবস্থাপক
সকল বিভাগের উপমহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ ২০২০-২০২১) উদযাপন উপলক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহিত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে বিভিন্ন পত্রের মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা/পরামর্শ মোতাবেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ ১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১) উদযাপন উপলক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কর্মসূচী পালনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেনঃ

| ক্র. নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় পতাকা উত্তোলন | তারিখ: ১৭ মার্চ, ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংকের সকল শাখা ও অন্যান্য কার্যালয় | প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও সকল শাখাসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | স্ব স্ব কার্যালয় |
| ২ | দোয়া মাহফিল ও কেক কাটা | তারিখ: ১৭ মার্চ, ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট | ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে কেক কাটা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ |
| ৩ | র‍্যালী | তারিখ: ১৭ মার্চ, ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয় ভবন চত্বর থেকে র‍্যালী শুরু করে শাপলা চত্বর হয়ে কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয় চত্বর | কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয় ভবন চত্বর থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত টুপি/টি শার্ট পরিধানপূর্বক সুশোভিত ব্যানার/ফেষ্টুন/প্লেকার্ড নিয়ে র‍্যালী শুরু করে শাপলা চত্বর হয়ে কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয়ে এসে শেষ করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ |
| ৪ | আলোচনা সভা | তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় | বঙ্গবন্ধু ও বাংলাদেশ শিরোনামে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ<br>ও<br>জনসংযোগ উপবিভাগ (প্রচারণা) |
| ৫ | বঙ্গবন্ধু যুব ঋণ | তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে। | বঙ্গবন্ধু যুব ঋণ কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত, চৌকস ও উদ্যমী উদ্যোক্তাদের মাঝে ঋণ প্রদান। | ক) বঙ্গবন্ধু যুব ঋণ প্রাপ্ত নবীন উদ্যোক্তাদের মাঝে ঋণের চেক বিতরণ অনুষ্ঠানের আয়োজন- প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ এবং সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ<br>খ) অনুষ্ঠানের খবর প্রচারণা- জনসংযোগ উপবিভাগ। |
| ৬ | বৃক্ষরোপণ | তারিখ: ১৫ জুলাই, ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক প্রাঙ্গান | কর্মসংস্থান ব্যাংক প্রাঙ্গনে ফলজ ও বনজ বৃক্ষের চারা রোপন করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ |
| ৭ | অঞ্চলভিত্তিক ০৩ (তিন) জন নিয়মিত ঋণ/কিস্তি পরিশোধকারী সফল উদ্যোক্তাকে পুরস্কার (ক্রেষ্ট ও সার্টিফিকেট) প্রদান | তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় | অঞ্চল ভিত্তিক ০৩ (তিন) জন হিসেবে ৩৩ অঞ্চলের ৯৯ জন ও প্রধান শাখার ০১ জনসহ মোট ১০০ জন নিয়মিত ঋণ/কিস্তি পরিশোধকারী সফল উদ্যোক্তাকে বঙ্গবন্ধু সম্মাননা পুরস্কার (ক্রেষ্ট ও সার্টিফিকেট) প্রদান করা হবে।<br>জাতির পিতা বঙ্গবন্ধুর আবক্ষ প্রতিকৃতি খচিত ক্রেষ্ট যেখানে লেখা থাকবে "নিয়মিত ঋণ/কিস্তি পরিশোধকারী সফল উদ্যোক্তা জনাব ................কে বঙ্গবন্ধু সম্মাননা পুরস্কার-২০২০ প্রদান করা হলো।" | ক) নীতিমালা তৈরীকরন ও উদ্যোক্তা নির্বাচন- যৌথভাবে আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগ এবং ঋণ আদায় বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।<br>খ)পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন- সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ ও অনুষ্ঠানের খবর প্রচারনা- জনসংযোগ উপবিভাগ।<br>গ) অনুষ্ঠানের খবর প্রচারণা- জনসংযোগ উপবিভাগ। |

অ.পৃ.দ্র-

পূর্ববর্তী পৃষ্ঠা হতে-

| ক্র. নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ৮ | সর্বোচ্চ পরিমান খেলাপী/ শ্রেণিকৃত অনড় ঋণ আদায়কারী কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদান | তারিখ: ১৫ নভেম্বর, ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট | অঞ্চল ভিত্তিক ০১ (এক) জন হিসেবে ৩৩ অঞ্চলের ৩৩ জন ও প্রধান শাখার ০১ জনসহ মোট ৩৪ জন সর্বোচ্চ পরিমান খেলাপী/শ্রেণীকৃত অনড় ঋণ আদায়কারী কর্মকর্তা/কর্মচারীকে বঙ্গবন্ধু সম্মাননা পুরস্কার (ক্রেষ্ট ও সার্টিফিকেট) প্রদান করা হবে।<br>জাতির পিতা বঙ্গবন্ধুর আবক্ষ প্রতিকৃতি খচিত ক্রেষ্ট যেখানে লেখা থাকবে "সর্বোচ্চ পরিমান খেলাপী/ শ্রেণীকৃত অনড় ঋণ আদায়কারী কর্মকর্তা/কর্মচারী জনাব .............. কে বঙ্গবন্ধু সম্মাননা পুরস্কার-২০২০ প্রদান করা হলো।" | ক)নীতিমালা তৈরীকরন ও সর্বোচ্চ খেলাপী/শ্রেণীকৃত অনড় ঋণ আদায়কারী কর্মকর্তা/ কর্মচারী নির্বাচন- প্রধান কার্যালয়ের আইন, গবেষণা ও মূল্যায়ন এবং ঋণ আদায় বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।<br>খ)পুরস্কার বিতরন অনুষ্ঠানের আয়োজন- সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ।<br>গ) অনুষ্ঠানের খবর প্রচারণা- জনসংযোগ উপবিভাগ |
| ৯ | সাংস্কৃতিক অনুষ্ঠান | তারিখ: ১৬ ডিসেম্বর, ২০২০<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক ভবন চত্বর | বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের উপর কবিতা, গান ইত্যাদি বিষয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ ও জনসংযোগ উপবিভাগ (প্রচারণা) |
| ১০ | শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা | তারিখ: ৭ মার্চ, ২০২১<br>স্থান: কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট | বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের উপর শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ ও জনসংযোগ উপবিভাগ (প্রচারণা) |
| ১১ | বৃদ্ধাশ্রমে সিনিয়র সিটিজেনদের মধ্যে উন্নত খাবার বিতরণ | তারিখ: ১৬ মার্চ, ২০২১<br>স্থান: প্রবীণ হিতৈষী সংঘ, আগারগাঁও, শের-এ-বাংলানগর, ঢাকা | বৃদ্ধাশ্রমে সিনিয়র সিটিজেনদের মধ্যে উন্নত খাবার বিতরণ করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ ও জনসংযোগ উপবিভাগ (প্রচারণা) |

০৩। মুজিব বর্ষকে সামনে রেখে "পরিচ্ছন্ন গ্রাম- পরিচ্ছন্ন শহর" কর্মসূচী বাস্তবায়নের জন্য কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহিত কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

| ক্র. নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ক | পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম | ১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১ | প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয় ভবন, আঞ্চলিক কার্যালয় ও শাখা ভবন পরিস্কার পরিচ্ছন্নকরণ | স্ব স্ব কার্যালয় |
| খ | প্রচার-প্রচারণা/ উদ্বুদ্ধকরণ কার্যক্রম: | ১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১ | ব্যানার/ ফেস্টুন প্রদর্শন প্রচারণা র‌্যালি ও সভাকরণ, পথনাটকের মাধ্যমে প্রচার প্রচারণা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ ও জনসংযোগ উপবিভাগ |
| গ | আইন/বিধি/ নির্দেশনা জারি/সংশোধন এবং তার প্রয়োগের কার্যক্রম | ১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১ | প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও শাখা সমূহে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের বিষয়ে নির্দেশনা প্রদান | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ |
| ঘ | জনগণকে সম্পৃক্তকরণ কার্যক্রম | ১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১ | প্রধান কার্যালয়ের জনসংযোগ উপবিভাগ, বিভিন্ন বিভাগ, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও শাখা সমূহের অফিস প্রধানের নেতৃত্বে জনগণকে সম্পৃক্তকরণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | স্ব স্ব কার্যালয় প্রধান |
| ঙ | প্রণোদনা/স্বীকৃতি প্রদান কার্যক্রম | ১৭ মার্চ ২০২০ থেকে ২১ মার্চ ২০২১ | পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম যথাযথ বাস্তবায়নের জন্য প্রণোদনা/স্বীকৃতি প্রদান করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ |

অ.পৃ.দ্র-

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

শুদ্ধাচার ও শিষ্টাচার কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার।



পূর্ববর্তী পৃষ্ঠা হতে-

| ক্র. নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| চ | মনিটরিং ও রিপোর্টিং কার্যক্রম | ১৭ মার্চ ২০২০ থেকে ২১ মার্চ ২০২১ | প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের ডিজিএমসহ আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকের নেতৃত্বে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মনিটরিং ও রিপোর্টিং কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ ও স্ব স্ব কার্যালয় |
| ছ | অন্যান্য কার্যক্রম | ১৭ মার্চ ২০২০ থেকে ২১ মার্চ ২০২১ | ডেঙ্গু/ চিকনগুনিয়া প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করা হবে | স্ব স্ব কার্যালয় |

এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ ২০২০-২০২১) উদযাপন উপলক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহিত বিভিন্ন কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

(স্বাক্ষর) ২০/০১/2020

(মোঃ আনিসুজ্জামান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৪। সকল উপমহাব্যবস্থাপক,কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) ;
০৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৬। অফিস কপি।